# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

### ক বিভাগ: ফিন্যান্স

**১.** ▶ জনাব রাসেল চাকরি থেকে অবসর গ্রহণ করে ২০ লাখ টাকা দিয়ে প্রিয়াস নামে বিশুদ্ধ পানি প্রক্রিয়াকরণ ব্যবসায় শুরু করেন। তিনি ব্যবসায় এর জন্য ৩ লাখ টাকার খুচরা যন্ত্রাংশ ও ১২ লাখ টাকা দিয়ে বিদেশ থেকে পানি উত্তোলনের জন্যে মেশিন ক্রয় করেন। এছাড়া বিজ্ঞাপন বাবদ ১ লাখ ও পরিচালন ব্যয় বাবদ ৪ লাখ টাকা খরচ হয়। তার নিকট অনেক প্রকল্প থাকা সত্ত্বেও সমুদয় অর্থ বিশুদ্ধ পানি প্রক্রিয়াকরণ ব্যবসায়ে বিনিয়োগ করেন। তার ধারণা, এ ব্যবসা থেকে অধিক মুনাফা অর্জিত হবে। কিন্তু প্রতিযোগিতামূলক বাজারে নতুন প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত বিক্রয় নিশ্চিত করতে না পারায় ১ম বছর ৪ লাখ টাকা ক্ষতি হয়। প্রতিষ্ঠানটি ভবিষ্যতে টিকে থাকতে পারবে কিনা, তা নিয়ে সংশয় দেখা দিয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত ১২ লাখ টাকা ব্যয়ের ধরন অর্থায়নের কোন কার্যাবলির সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রাসেল কোন নীতি অনুসরণ না করায় 'প্রিয়াস' প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়েছে? বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ রাফসান কোম্পানি তাদের প্রস্তুতকৃত পোশাক বিদেশে রপ্তানি করে। তাদের প্রস্তুতকৃত পোশাক মানসম্মত হওয়ায় ব্যাপক হারে চাহিদা বৃদ্ধি পাচ্ছে। গ্রাহকদের চাহিদা মেটানোর জন্য ব্যবসায়টি সম্প্রসারণ করা জরুরি হয়ে পড়ে। কিন্তু তাদের নিকট পর্যাপ্ত পুঁজি না থাকায় ব্যবসা সম্প্রসারণ করতে পারছে না। এমতাবস্থায় কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করল তারা বিএসইসি এর অনুমতি নিয়ে দীর্ঘমেয়াদি সিকিউরিটি বিক্রয়ের মাধ্যমে বাড়তি অর্থের সংস্থান করবে। অন্যদিকে প্রতিষ্ঠানটি হুন্ডি ব্যবসায়ের সাথে সম্পৃক্ত হয়ে পড়ে যাতে অধিক মুনাফা নিশ্চিত হয়। পরে সরকার বিষয়টি জানতে পেরে প্রতিষ্ঠানটির লাইসেন্স বাতিল করে এবং উক্ত প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে।

ক. আর্থিক বাজার কী? ১

খ. নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২

গ. রাফসান কোম্পানি কোন বাজার থেকে অর্থসংস্থান করতে চেয়েছিল? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির লাইসেন্স বাতিল করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩. ▶জনাব শরীফ তার বোনকে এখন থেকে ৫ বছর পর একটি ল্যাপটপ উপহার দেওয়ার প্রতিজ্ঞা করেছেন। তখন ল্যাপটপটির দাম পড়বে ৩০,০০০ টাকা। জনাব শরীফ টাকাটা বার্ষিক ৮.৫% সুদে ব্যাংক জমার মাধ্যমে জড়ো করার পরিকল্পনা করছেন। অন্যদিকে জনাব শরীফের বন্ধু খলিল ঢাকার ধানমন্ডিতে একটি এ্যাপার্টমেন্ট ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ এ্যাপার্টমেন্ট কোম্পানিকে আগামী ৪ বছর যথাক্রমে ৪০,০০,০০০ টাকা, ৩০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা অথবা প্রতি বছর ১০,০০,০০০ টাকা করে আগামী ১৫ বছর পরিশোধ করতে হবে। জনাব খলিলের প্রত্যাশিত আয়ের হার ৯%।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১

খ. সুদের হার বৃদ্ধি চিরস্থায়ী বৃত্তির বর্তমান মূল্যকে কীভাবে প্রভাবিত করে? ব্যাখ্যা করো। ২

গ. জনাব শরীফকে ব্যাংকে প্রতি বছর কত টাকা জমা দিতে হবে? ৩

ঘ. জনাব খলিলের এ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য কোন বিকল্পটি গ্রহণ করা উচিত তা বিশ্লেষণ করো। ৪

৪. ▶বেলাল ও হেলাল দুই বন্ধু। তারা আলফা ব্যাংকে সঞ্চয়ী হিসাব খুলতে আগ্রহী। বেলাল আগামী ৫ বছর শেষে যথাক্রমে ১০,০০০, ১২,০০০, ১৪,০০০, ১৬,০০০, ১৮,০০০ টাকা জমা রাখতে চাচ্ছে। অন্যদিকে হেলাল প্রতিবছর শুরুতে ১০,০০০, ১২,০০০, ১৪,০০০, ১৬,০০০, ১৮,০০০ টাকা জমা রাখতে চাচ্ছে। ব্যাংক ম্যানেজার দুজনকেই ১০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. সময় রেখা কী? ১

খ. বিধি- ৭২ ও ৬৯ কখন ব্যবহার করা হয়? ২

গ. বেলালের জমাকৃত টাকার ভবিষ্যৎ মূল্য কত? ৩

ঘ. হেলালের টাকার ভবিষ্যৎ মূল্য বের করে হ্রাস-বৃদ্ধির কারণ বিশ্লেষণ করো। ৪

৫. ▶নিম্নে একটি প্রতিষ্ঠানের আর্থিক তথ্য দেয়া হলো:

প্রতিটি পণ্যের বিক্রয় মূল্য: ১০ টাকা
প্রতিটি পণ্যের পরিবর্তনশীল ব্যয়: ৬ টাকা
মোট স্থির ব্যয়: ২০,০০০ টাকা
মোট বার্ষিক বিক্রয়: ৬,০০০ একক

ক. আর্থিক বিশ্লেষণ কী? ১

খ. অবচয়কে কোন ধরনের খরচ বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. প্রতিষ্ঠানটির সমচ্ছেদ বিন্দু টাকায় নির্ণয় করো। ৩

ঘ. প্রতিষ্ঠানটির নিরাপত্তাপ্রান্ত চিত্রে প্রদর্শনপূর্বক বিশ্লেষণ করো। ৪

৬. ▶রূপালী লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উৎপাদন এর কাঁচামাল ক্রয়, শ্রমিক এর মজুরি ও অন্যান্য প্রশাসনিক খরচ মেটানোর জন্য চলতি

https://teachingbd24.com

মূলধন এর প্রয়োজন। রূপালী লিমিটেডের ব্যবস্থাপক জানে চলতি মূলধনের ঘাটতির কারণে প্রতিষ্ঠানে দেউলিয়াত্বের ঝুঁকি সৃষ্টি হয়। আবার প্রতিষ্ঠানে খরচ হ্রাস এর মাধ্যমে নিট মুনাফা বৃদ্ধি করা যায়। এজন্য প্রতিষ্ঠানটি ফরমায়েশ খরচ হ্রাস করতে চাচ্ছে। কোম্পানির পণ্যের বার্ষিক চাহিদা ১০,০০০ একক, ফরমায়েশপ্রতি ব্যয় ১০০ টাকা। প্রতি একক মজুদের বহন খরচ ১৫ টাকা।

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১

খ. ব্যবসায় ঋণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. রূপালী লিমিটেডের মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. চলতি মূলধনের ঘাটতি পূরণে রূপালী লিমিটেড কোন কোন প্রাতিষ্ঠানিক উৎস এর কথা বিবেচনা করতে পারে? বিশ্লেষণ করো। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶জনাব কাশেম একজন সফল ব্যবসায়ী। বিভিন্ন ব্যবসায়ে তিনি অর্থ বিনিয়োগের পূর্বে যাচাই বাছাই প্রকিয়া সম্পন্ন করেন। কিছুদিন পূর্বে সে তার বন্ধু রহিমের কাছে বন্ড বাজারে বিনিয়োগ সম্পর্কে জেনেছেন। এখন তিনি বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তার হাতে দুটি বন্ড এর তথ্য রয়েছে। এ সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদ |
|---|---|---|---|
| M | ১০০০ | ১৪ | - |
| N | ৫০০ | ১১ | ৫ বছর |

জনাব কাশেমের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. ঋণপত্র কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত কে প্রভাবিত করে। ২

গ. উদ্দীপকে M বন্ডের মূল্য নির্ণয় করো। ৩

ঘ. যদি N বন্ড থেকে অর্ধবার্ষিক সুদ পাওয়া যায়, তাহলে কোন বন্ডে অর্থ বিনিয়োগ করা উচিত? মতামত দাও। ৪

৮.▶XYZ কোম্পানি মূলধন সংগ্রহের জন্য বন্ড ও অগ্রাধিকার শেয়ার ইস্যু করতে চায়। কোম্পানিটি ১,০০০ টাকা মূল্যের ১০% কুপন বন্ড ইস্যু করে যার মেয়াদ ১৫ বছর এবং করের হার ৪০%। অন্যদিকে, কোম্পানিটি ১০ বছর মেয়াদি ১২% অগ্রাধিকার শেয়ার ইস্যু করে যার লিখিত মূল্য ১,০০০ টাকা এবং বিক্রয়মূল্য ৯৮০ টাকা।

ক. উত্তরণ ব্যয় কাকে বলে? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে কেন সংকর জাতীয় শেয়ার বলা হয়? ২

গ. যদি বন্ডটি ১০% অধিহারে বিক্রয় হয় তাহলে বন্ডের কর-পরবর্তী ব্যয় কত হবে? ৩

ঘ. যদি উত্তরণ ব্যয় ২০ টাকা হয় তবে অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় কর এবং XYZ কোম্পানি কোন উৎস হতে মূলধন সংগ্রহ করলে ব্যয় কম হবে তা যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ জনাব রোহান দুটি বিনিয়োগ প্রকল্প বিবেচনা করছেন। প্রথমটির প্রকল্প ব্যয় ৩৫,০০০ টাকা এবং এ প্রকল্প থেকে প্রতিবছর ৮,০০০ টাকা করে আগামী ৫ বছর নগদ অর্থ প্রবাহ পাওয়া যাবে। এছাড়া ৫ বছর পর প্রকল্পটি থেকে আরও ৫,০০০ টাকার ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে। ২য় প্রস্তাব অনুযায়ী প্রকল্প ব্যয় ৩৫,০০০ টাকা এবং ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ (টাকা) নিম্নরূপ:

১ম বছর ১০,০০০, ২য় বছর ১০,০০০, ৩য় বছর ১৩,০০০, ৪র্থ বছর ১৪,০০০ টাকা, ৫ম বছর ১৬,০০০ কিন্তু কোনো ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে না। বর্তমানে প্রচলিত বাট্টার হার ১২%।

ক. মূলধন বরাদ্দকরণ কাকে বলে? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের সময় অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় কেন? ২

গ. প্রথম প্রকল্পের নিট বর্তমান মূল্য কত? ৩

ঘ. কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? ব্যাখ্যা করো। ৪

১০. ▶ নিম্নে দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেয়া হলো:

| সম্ভাবনা | প্রকল্প ক | প্রকল্প খ |
|---|---|---|
| .২০ | -১০% | ১৫% |
| .২০ | ১৫% | ১০% |
| .২৫ | ২০% | ২০% |
| .৩৫ | ২৫% | ৩০% |

ক. ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. প্রকল্প ক এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. তোমার মতে কোন প্রকল্পে ঝুঁকি কম তা বিভেদাংকের মাধ্যমে বিশ্লেষণ করো। ৪

১১. ▶ বিহন লি.-এর ২টি বিনিয়োগ প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ হবে ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০%। প্রকল্প দুটির নগদ বার্ষিক আন্তঃপ্রবাহ নিম্নে দেওয়া হলো—

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৩০,০০০ | ২০,০০০ |
| ২ | ১৮,০০০ | ২০,০০০ |
| ৩ | ২০,০০০ | ২০,০০০ |
| ৪ | ১৫,০০০ | ২০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বাজেটিং কেন করা হয়? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের উল্লেখিত ক প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩

ঘ. কোন বাট্টার হারে খ প্রকল্পের ভবিষ্যৎ নগদ আন্তঃপ্রবাহের বর্তমান মূল্য প্রাথমিক বিনিয়োগের সমান হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৯ ২

সময় ঃ ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. **Portfolio Theory-এর প্রথম ব্যাখ্যা কে প্রদান করেন?**
ক Miller
খ Fisher Black
গ Mar Kowitz
ঘ Sharp, Linter & Fama

২. **চলতি সম্পদে বিনিয়োগ বৃদ্ধি পেলে কি হবে?**
i. দেউলিয়া হবার ঝুঁকি হ্রাস
ii. মুনাফা অর্জনের ক্ষমতা হ্রাস
iii. তারল্য হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. **রপ্তানি < আমদানি দ্বারা কি বোঝায়?**
ক বাণিজ্য ঘাটতি খ বাজেট ঘাটতি
গ বাণিজ্য উদ্বৃত্ত ঘ বাজেট উদ্বৃত্ত

৪. **বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিলে কয়টি বৈদেশিক মুদ্রা সংরক্ষণ করা হয়?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

৫. **কল মানি বাজারে কাকে ঋণ দেয়া হয় না?**
ক বাণিজ্যিক ব্যাংক খ ইসলামী ব্যাংক লি.
গ লিজিং কোম্পানি ঘ ব্রোকার ডিলার

৬. **কোনটি CSE এর বৈশিষ্ট্য নয়?**
ক লক-ইন সময় প্রযোজ্য
খ মূল্য সূচকের ব্যবহার
গ শেয়ারের মূল্য সর্বদা পরিবর্তনশীল
ঘ ঝুঁকিপূর্ণ বাজার

৭. **কার্যকর সুদের হার নামিক সুদের হার অপেক্ষা বেশি কারণ—**
i. সুদাসলের ওপর সুদ গণনা করা হয়
ii. একাধিক বার সুদ গণনা করা হয়
iii. আসলের ওপর সুদ গণনা করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. **সাধারণ অ্যানুইটির ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের সূত্র কোনটি?**
ক $FVA = A\left\{\frac{(1+i)^n - 1}{i}\right\} \times (1+i)$
খ $FVA = A\left\{\frac{1-(1+i)^n}{i}\right\}$
গ $FVA = A\left\{\frac{1-(1+i)^n}{i}\right\} \times (1+i)$
ঘ $FVA = A\left\{\frac{(1+i)^n - 1}{i}\right\}$

৯. **জনাব মোতাহার ২০০০ সালে ৫০,০০,০০০ টাকা ১০ বছরের জন্য একটি স্থায়ী হিসাবে জমা করেন। ব্যাংকের সুদের হার ১২%। মেয়াদ শেষে তিনি ব্যাংক থেকে সর্বোচ্চ কত টাকা উত্তোলন করতে পারবেন?**
ক ৫৬,০০,০০০ টাকা
খ ১,৫৫,২৯,২৪১ টাকা
গ ৫০,০০,০০০ টাকা
ঘ ৫,৬০,০০,০০০ টাকা

১০. **মিস নন্দিতা প্রতিবছর শেষ ৬০,০০০ টাকা জমা রাখার ভিত্তিতে আগামী ৫ বছরের জন্য যমুনা ব্যাংক লি.-এ একটি ব্যাংক হিসাব খোলেন। ব্যাংকের বার্ষিক সুদের হার ৬%। মেয়াদ শেষে তিনি কত টাকা পাবেন?**
ক ২,৫২,৭৪২ খ ২,৬৭,৯০৬
গ ৩,৩৮,২২৬ ঘ ৩,৫৮,৫১৯

১১. **কোনটির মান শূন্য হলে কোম্পানির মোট ব্যয় স্থির ব্যয়ের সমান হয়?**
ক মুনাফা খ ক্ষতি
গ ক্রয় ঘ বিক্রয়

১২. **বাজারযোগ্য সিকিউরিটিজকে কিসের সমতুল্য মনে করা হয়?**
ক অনগদ খ নগদ
গ বিনিয়োগ ঘ অর্থায়ন

১৩. **বিনিয়োগ কার্যাবলী হতে নগদ প্রবাহ**
i. বিল পরিশোধ ii. মেশিন ক্রয়
iii ঋণ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪.

| | |
|---|---|
| পরিচালন কার্যাবলি হতে নগদ প্রবাহ | ১২,০০,০০০ টাকা |
| বিক্রয় | ৩৯,০০,০০০ টাকা |
| সুদ পরিশোধ | ১,২০,০০০ টাকা |
| মোট দায় | ২৫,০০,০০০ টাকা |

**কোম্পানির ঋণ কভারেজ অনুপাত কত?**
ক ০.৩১ খ ০.৪৬
গ ০.৪৮ ঘ ১০

১৫. **আগ্রাসী নীতির বৈশিষ্ট্য কোনটি?**
i. মুনাফা বৃদ্ধি পাবে
ii. ঝুঁকি বৃদ্ধি পাবে
iii. মূলধন ব্যয় হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd24.com

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।

ফ্রেস লি. কোমলপানীয় বাজারজাত করার পরিকল্পনা করছে। বাজারের তথ্য অনুযায়ী, এই পণ্যটির বার্ষিক চাহিদা ৮৫,০০০ একক। প্রতিটি পণ্য বহনে খরচ হবে ১.৩০ টাকা। প্রতিবার ফরমায়েশ প্রদানে ব্যয় হবে ১০৫ টাকা। কোম্পানিটি তাদের প্রতিটি কোমলপানীয় ২৫ টাকা মূল্যে বিক্রয় করবে।

১৬. ফ্রেস লি.-এর মিতব্যয়ী ফরমায়েশের পরিমাণ কত?
ক) ৪৬ একক খ) ১৮০৮ একক
গ) ৩৭০৬ একক ঘ) ১৩১০১ একক

১৭. ফ্রেস লি.-এর মোট মজুদ ব্যয় কত?
ক) ২,৪০৮ টাকা খ) ৪,৮১৭ টাকা
গ) ৫৫,২৫৫ টাকা ঘ) ১,৯৪,৫৯৫ টাকা

১৮. প্রয়োজনীয় আয়ের হার হ্রাস পেলে কুঋণ বন্ডের ক্ষেত্রে কোনটি সঠিক?
ক) অন্তর্নিহিত মূল্য হ্রাস পাবে
খ) অন্তর্নিহিত মূল্য বৃদ্ধি পাবে
গ) পরিপক্ক মূল্য হ্রাস পাবে
ঘ) অভিহিত মূল্য হ্রাস পাবে

১৯. বিনিয়োগ সিদ্ধান্ত নির্ণায়ক হলো—
i. শেয়ার প্রতি লভ্যাংশ
ii. ব্যবসার ধরন
iii. মূলধন ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. সানমুন টেক্সটাইল শতকরা ১৮ টাকা হারে ১৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। বন্ডটির বর্তমান মূল্য ১,৬০০ টাকা। বন্ডটির চলতি ইল্ড কত?
ক) ১.১২৫% খ) ১১.২৫%
গ) ১৬% ঘ) ১৮%

২১. কোম্পানির করের হার বৃদ্ধি পেলে কোনটি হ্রাস পাবে?
ক) উত্তরণ ব্যয়
খ) ঋণ মূলধন ব্যয়
গ) সাধারণ শেয়ারের ব্যয়
ঘ) সংরক্ষিত আয়ের ব্যয়

২২. বাংলাদেশের মুদ্রাবাজারে কয়টি প্রতিষ্ঠান ডিলার হিসেবে কাজ করে?
ক) ২ খ) ৩
গ) ১২ ঘ) ১৫

২৩. কাম্য মূলধন কাঠামোতে
i. মূলধন ব্যয় সর্বনিম্ন হয়
ii. ফার্মের মূল্য সর্বোচ্চ হয়
iii. ঋণ মূলধন = ইক্যুইটি মূলধন হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. কোন মূলধন বাজেটিং পদ্ধতিতে ফার্মের নগদ প্রবাহকে মূলধন ব্যয়ের হারে পুনঃবিনিয়োগ করা হয়?
ক) গড় মুনাফার হার খ) পে-ব্যাক সময়
গ) নিট বর্তমান মূল্য ঘ) আন্তঃআয় হার

২৫. দুটি পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কেন বিরোধ র‍্যাংকিং সৃষ্ট হয়?
i. প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ভিন্ন
ii. নগদ আন্তঃপ্রবাহের পরিমাণ ভিন্ন
iii. পুনঃবিনিয়োগের ক্ষেত্রে আয়ের হার ভিন্ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. মিস দিপা স্টার লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তিনি নতুন একটি প্রকল্পে বিনিয়োগের জন্য পরিকল্পনা করছেন। প্রকল্পটির প্রাথমিক বিনিয়োগ ৩,২০,০০০ টাকা। প্রকল্পটি থেকে আগামী বছর যথাক্রমে ৮,০০০; ৯,০০০; ১০,০০০; ১২,০০০ এবং ২৫,০০০ টাকা কর পরবর্তী নিট মুনাফা হিসেবে পাওয়া যাবে বলে ধারণা করা যাচ্ছে। প্রকল্পটির ভগ্নাবশেষ মূল্য ৭,০০০ টাকা। প্রকল্পটির গড় মুনাফার হার কত?
ক) ৭.৮৩% খ) ৮%
গ) ১৯.৫% ঘ) ৪০%

২৭. মুদ্রাস্ফিতির সাথে ক্রয় ক্ষমতার সম্পর্ক—
ক) সমান খ) আনুপাতিক
গ) বিপরীত ঘ) সম্পর্ক নেই

২৮. পোর্টফোলিও ঝুঁকি কখন সর্বনিম্ন হবে?
ক) সহসম্বলের মান শূন্য হলে
খ) সহসম্বলের মান ধনাত্মক হলে
গ) সহসম্বলের মান ঋণাত্মক হলে
ঘ) সিকিউরিটিজের ঝুঁকি ভিন্ন হলে

২৯. একটি কোম্পানির আয়ের হার ১৬%। বাজার আয়ের হার ১১% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৪%। বিটার মান কত?
ক) ১.৭১ খ) ২.২৯
গ) ৩.৫ ঘ) ৪

৩০. পরিচালনা ব্যয় পরিশোধ করার অক্ষমতা থেকে সৃষ্টি হয়—
ক) সুদের হার ঝুঁকি
খ) তারল্য ঝুঁকি
গ) আর্থিক ঝুঁকি
ঘ) ব্যবসায়িক ঝুঁকি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com